

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা জজের কার্যালয়

নেত্রকোণা।

আরক নং- ৩১১ /জে.সি.এন

তারিখঃ ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিঃ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও দায়রা জজ আদালত, নেত্রকোণা- এর নিম্নবর্ণিত শূন্য পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে স্বত্ত্বে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন ক্ষেত্র	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক)	১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	(ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সাঁটলিপি ও কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত হতে হবে। (গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে ১০০ শব্দ ও বাংলায় ৮০ শব্দ লেখার গতি অবশ্যই থাকতে হবে। (ঘ) কম্পিউটারে ইংরেজি প্রতি মিনিটে ৩৫ শব্দ ও বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
২	অফিস সহায়ক	০১ (এক)	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অষ্টম শ্রেণী পাশ হতে হবে।

- ১। উপরে বর্ণিত পদসমূহ নিয়োগের ক্ষেত্রে সকল প্রার্থীকে জেলা জজ, নেত্রকোণা বরাবর আবেদন করতে হবে।
- ২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখে ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক আরকে জারিকৃত চাকুরীর নির্ধারিত আবেদন ফরম এবং ০২ (দুই) কপি প্রবেশপত্র যথাযথভাবে পূরণকৃতে আগ্রহী প্রার্থীগণকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগমনী ১৬/০৭/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি পৌছাতে হবে। আবেদনপত্রের নমুনা জেলা জজ, নেত্রকোণা এর ওয়েব সাইট (<http://netrakona.judiciary.gov.bd>) হতেও ডাউনলোড করা যাবে।
- ৩। প্রার্থীর বয়স ১৬/০৭/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিখিলয়োগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট এন্ড হেণ্ডেণ্টেজ নয়।
- ৪। চাকুরীর প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে জেলা জজ, নেত্রকোণা এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা হতে সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য ২০০/- টাকা এবং অফিস সহায়ক পদের জন্য ১০০/- টাকা ১-২১০১-০০০১-২০৩১ কোডে অনলাইন চালানের মাধ্যমে জমা প্রদান করে রাশিদ সংযুক্ত করতে হবে।
- ৬। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ- (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুল্পষ্ঠ নাম, পদবি ও সিল মোহর থাকতে হবে)
 - (ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিনি) কপি রঙীন ছবি।
 - (খ) সকল শিক্ষাগত যোগ্যতা, কোটা ও অভিজ্ঞতা প্রমাণ স্বরূপ সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি।
 - (গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিধিক সনদপত্রের মূলকপি।
 - (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশনের চেয়ারম্যান/মেয়ের/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - (ঙ) জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পারিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

- ৭। সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।
- ৮। প্রত্যেক দরখাস্তের সহিত ১.৫" X ৪.৫" আকৃতির ১৫/- টাকার ডাকটিকেট সম্পত্তি প্রার্থীর বর্তমান ঠিকানাযুক্ত ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ৯। মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ১০। খামের উপরে স্পষ্ট অঙ্কের আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম, কোটার নাম (কোটা যদি থাকে) অবশ্যই লিখতে হবে।
- ১১। সকল পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণ করা হবে।
- ১২। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৩। কোন প্রার্থী ভূয়া/জাল/তৎক্ষণাত্মক কাগজ প্রদর্শন করে নিয়োগ লাভ করলে পরবর্তীতে কর্তৃপক্ষের গোচরীভূত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে তার নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ১৪। লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৫। যে কোন সংগত কারণে কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৬। এই বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ বাতিল করার এবং প্রয়োজনবোধে পদসংখ্যা কমানো অথবা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/-

(শরাফ উদ্দিন আহমেদ)

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

বিচারক (যুগ্ম জেলা ও দায়রা জজ)

ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল

নেত্রকোণা।

স্মারক নং- ৩১১ /জে.সি.এন

তারিখঃ ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। সম্পাদক, দৈনিক আমাদের সময়, ১১১-১২১। তেজগাঁও শিল্প এলাকা-১২০৮, ঢাকা।
- ২। সম্পাদক, দৈনিক যুগ্মত্ব, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল বিশ্বরোড, বারিধারা, ঢাকা -১২১৯।
(তাদেরকে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি স্বল্প পরিসরে (৪x১২") আগামী ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
- ৩। সহকারী পরিচালক, কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নেত্রকোণা।
- ৪। অফিস কপি।

(শরাফ উদ্দিন আহমেদ)

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

বিচারক (যুগ্ম জেলা ও দায়রা জজ)

ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল

নেত্রকোণা।